4076    I 3393    100 Rs.

INDIA NON JUDICIAL

१००रू.    Rs 100

भारत

एक सौ रुपया    ONE HUNDRED RUPEES

5 ... W.B.L.R. Act
... Tenancy Act ... Stamps
... exemption ... not ... Stamp
... Stamp Act 1899 &
... W. B. Stamp
Amendment Act XVII of 1990
... No. 23
FEES PAID

Notice filed to the C. A. 1st. L. A. Collector/Cal S. D. O. ... r Alipore on U/S 26 or 27 of the U.L.C. Act of 1976:

A 31-50
N 1-20
32-70

Sub-Registrar of Alipore
1.8.79

Exempted from perview of U.L. (C & R) ... property shown is agricultural. Verified ... copy of Khatian Shown ..., (Present Charecter confirmed by declaration)

মং 8000.00 টাকা পণ মূল্যের সাফ বিক্রয় কোবালা ।

কোবালা গ্রহীতা :-
*****************

শ্রী দীপক কুমার মুখার্জি,
পিতা মৃত মাখন চন্দ্র মুখার্জি,
জাতি হিন্দু, পেশা চাকুরী,
সাং ২১।বি।৫ নং ব্রিল রোড,
থানা বর্তমানে কসবা, কলিকাতা ৩১।

কোবালা দাতা :-
**********************

১। শ্রী বিপ্লব কুমার দাস,
২। শ্রী দীপক কুমার দাস,
উভয়ের পিতা মৃত মনমোহন দাস,
জাতি হিন্দু, পেশা ব্যবসা,
সাং ৯৪নং সন্তোষপুর এভিনিউ,
থানা - কসবা, কলিকাতা ৭৫।

কস্য নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত স্থানীয় পরিমাপে কমবেশ ২দুই কাঠা ১৪ ছটাক শালি জমি মায় যাবতীয় আকর আওলাতাদি ও ইজমেন্ট স্বত্বাদি দরবস্ত হক হকুক সম্পত্তি সম্পূর্ন নির্দায়, নির্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে:-
জেলা ২৪ পরগণা, থানা যাদবপুর, বর্তমানে কসবা, সাবরেজিষ্ট্রী আলিপুর,

= 116/-
5/-
2/-

12-20 P. M. on 1st
day of Aug 1979 at the Office of
the Joint Sub-Registrar Alipur at
Alipur by Biplab Kr. Das
one of the
Executants

(1) Biplab Kr. Das
(2) Deepak Kr. Das
Son of H. Manmohan Das
Both of 94, Santoshpur Avenue
Thana Kasba
District Calcutty - 75
Hindu Business

Joint Sub-Registrar of Alipore
1.8.79

Jiban Chakrabarty
Son/Wife of Late Ambika Charan Chakrabarty of 6 Lake East 2nd Rd
Cal - 75
Hindu Business


2406


2407

Jiban chakrabarty

Joint Sub-Registrar of Alipore
1.8.79

50 Rs.

पचास रुपया

५०रू. भारत INDIA 50RS

FIFTY RUPEES



পরগণা খাসপুর, রে, সা নং ১৪, জে, এল নং ২৩, মৌজা রাজাপুর গ্রাম মধ্যে অত্র জিলা কালেকটারীর ১০৯নং তৌজি ভুক্ত বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধিন ডি: সে: ৩৪৭নং খতিয়ানের নিস্কর মধ্য স্বত্বাধিকারী চিরস্থায়ী স্বত্ত্বের ৯৮১/৯৮৬ নং দাগের .৬২ শতক জমি ও ৯৮১/৯৮৯ দাগের .৬৪ শতক শালি জমি একুনে ১.২৬ শতক জমি সহ ঐ খতিয়ানের মোট ১.৪৩ শতক জমি রাজাপুর নিবাসী রামদাস মন্ডলের আনা স্বত্ব দখলিয় সম্পত্তি ছিল। উক্ত জমি তিনি একক নির্ব্যূঢ় স্বত্বে সাবর্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকাবস্থায় উক্ত রামদাস মন্ডল জীবিতাবস্থায় তাঁহার তিনপুত্র যথাক্রমে সুরেন্দ্র নাথ মন্ডল, নরেন্দ্র নাথ মন্ডল ও দেবেন্দ্র নাথ মন্ডল মধ্যে অন্যতম পুত্র দেবেন্দ্র নাথ মন্ডলকে ৯৮১/৯৮৬ নং দাগের .৬২ শতক ও ৯২৬নং দাগের .১৭ শতক একুনে .৭৯ শতক জমির মধ্যে ১/৩ অংশের কমবেশ .২৬ শতক জমি বার্ষিক ১ টাকা ৫আনা বা ১.৩১ পয়সা খাজনার রায়তি স্বত্বে চিরস্থায়ী পত্তন করেন বাকি ২/৩ অংশের জমি নিজ খাস দখলে রাখিয়া নিজ স্বত্ব দখল পরিচালনে ভোগ দখল করিতে থাকেন।

অত:পর উক্ত রামদাস মন্ডল তিনপুত্র উক্ত সুরেন্দ্র নাথ মন্ডল, দেবেন্দ্র নাথ মন্ডল ও নরেন্দ্র নাথ মন্ডলকে ওয়ারেশ উত্তরাধিকারী রাখিয়া কোন উইলাদি না করিয়া পরলোক গমন করেন। অত:পর উল্লিখিত ৯৮১/৯৮৬ নং দাগ ভুক্ত .৬২ শতক জমি ও

20 Rs.

बीस रुपया

२०रू. भारत INDIA 20RS.

TWENTY RUPEES



ও ১২৬নং দাগের .১৭ শতক জমির রাম দাস মণ্ডল ত্যক্ত ২/৩ অংশে উক্ত সুরেন্দ্র নাথ মণ্ডল, দেবেন্দ্র নাথ মণ্ডল এবং নরেন্দ্র নাথ মণ্ডল পৈত্রিক ওয়ারেশ উত্তরাধিকারী সূত্রে সমতুল্যাংশে স্বত্ববান মালিক দখলিকার থাকেন এবং উক্ত জমির বক্রি ১/৩ অংশে পিতার নিকট হইতে অর্পন সূত্রে দেবেন্দ্র নাথ মণ্ডল একক নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকেন। তদনুযায়ী ৩৪৭নং খতিয়ান ভুক্ত ১৮১/১৮৬ নং দাগের .৬২ শতক জমি রিভিশন্যাল সেটেলমেন্ট জরিপে ৩২৩নং খতিয়ানে ২/৩ অংশে .৪২ শতক উক্ত সুরেন্দ্র নাথ মণ্ডল, দেবেন্দ্র নাথ মণ্ডল ও নরেন্দ্র নাথ মণ্ডল নামে রেকর্ড হয় এবং ১৮১/১৮৬ নং দাগের জমি বক্রি ১/৩ অংশের রিভিশন্যাল সেটেলমেন্ট জরিপে ১০৩১নং দাগের মধ্যে .২০ শতক জমি ৫১৮নং খতিয়ানে দবেন্দ্র নাথ মণ্ডলের একক নামে রায়তি দখলি স্বত্বে রেকর্ড ভুক্ত হয়। এমতপ্রকারে উক্ত সাবেক ৩৪৭নং খতিয়ান ভুক্ত ১৮১/১৮৬ নং দাগভুক্ত হাল ৩২৩ ও ৫১৮নং খতিয়ানের ১০৩১ নং দাগের .৬২ শতক শালি জমি উক্ত দেবেন্দ্র নাথ মণ্ডল, সুরেন্দ্র নাথ মণ্ডল ও নরেন্দ্র নাথ মণ্ডল নিজ নিজ অংশ মত ভোগ দখল করিতে থাকা অবস্থায় বিগত ইংরাজি ১০।৬।৫৯ তারিখে উক্ত নরেন্দ্র নাথ মণ্ডল তদীয় নিজাংশে স্বত্ব দখলিয় অন্যান্য দাগ ভুক্ত জমি সহ ১০৩১নং দাগ ভুক্ত মধ্যে তাহার প্রাপ্ত ভূমি এককেতা রেজিষ্ট্রীকৃত কোবালা দলিল দ্বারা উপযুক্ত

1Re

INDIA

এক রুপেয়া

এক রুপেয়া

सत्यमेव जयते

ONE RUPEE भारत ONE RUPEE



পণ মূল্যে জনৈক শ্রী যতীন্দ্র নাথ নস্করের নিকট বিক্রয় করতঃ উহা চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। উক্ত কোবালা মোকাম আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ৮৫নং ভলুমের ১৯৮ হইতে ২০০ নং পাতায় লিপিবদ্ধ ১৯৫৯ সালের ৫৫৮২ নং সাফ্ কোবালা দলিল রূপে রেজিষ্ট্রী হয় এবং ইতিমধ্যে সুরেন্দ্র নাথ মন্ডল একমাত্র পুত্র যতীন্দ্র নাথ মন্ডলকে ওয়ারেশ উত্তরাধিকারী রাখিয়া কোন উইলাদি না করিয়া পরলোক গমন করায় তৎত্যাক্ত সম্পত্তি যতীন্দ্র নাথ মন্ডল প্রাপ্ত হইয়া খাসে ভোগ দখল করিতে থাকেন।

তৎপরে বিগত ইংরাজি ৭।৭।৬২ তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত এককেতা কোবালা দলিল দ্বারা উক্ত বা নিম্ন তপশীল বর্ণিত সাবেক ৩৪৭ হাল ৩২৩ নং খতিয়ান ভুক্ত সাবেক ৯৮১/৯৮৬ নং দাগ ভুক্ত হাল ১০৩১ নং দাগের জমি মধ্যে সুরেন্দ্র নাথ মন্ডল ত্যাক্ত সম্পত্তি তদীয় একমাত্র ওয়ারেশ পুত্র উক্ত শ্রী যতীন্দ্র নাথ মন্ডলের নিকট হইতে জনৈক শ্রী তদু গোপাল গোস্বামী নিজ অর্থে উপযুক্ত পণ মূল্য প্রদানে তাঁহার বেনামদার জনৈক শ্রী বীরেন্দ্র নাথ চৌধুরীর নাম ব্যবহারে খরিদ করিয়া খাসে ভোগ দখল করিতে থাকেন। উক্ত কোবালা মোকাম আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির, ১০৮ নং ভলুমের ৬৩ হইতে ৬৫নং পাতায় লিপিবদ্ধ ১৯৬২ সালের ৫৭৯৯নং সাফ্

কোবালা রূপে রেজিষ্ট্রী হয় ।

এবং বিগত ইংরাজি ১৪।৭।৬২ তারিখে অন্য জমি সহ উক্ত ১০০১ নং দাগ ভুক্ত জমির মধ্যে দেবেন্দ্র নাথ মন্ডলের ৩২৩ ও ৫১৮ নং খতিয়ান ভুক্ত স্বত্বাংশ উপযুক্ত পণমূল্যে উক্ত যদু গোপাল গোস্বামী তাঁহার বেনামদার উক্ত বীরেন্দ্র নাথ রায় চৌধুরী মহাশয়ের নাম ব্যবহারে তাঁহার নিজ অর্থে ও স্বার্থে এককেতা রেজিষ্ট্রীকৃত সাফ্ কোবালা দলিল দ্বারা শ্রী দেবেন্দ্র নাথ মন্ডলের নিকট হইতে খরিদ করতঃ খাসে ভোগ দখল করিতে থাকেন । উক্ত কোবালা মোকাম আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ,১০৭ নং ভল্যুমের ১১০ হইতে ১১৫নং পাতায় লিপিবদ্ধ ১৯৬২ সালের ৬০৪১ নং সাফ্ কোবালা দলিল মূলে রেজিষ্ট্রী হয় ।

এবং বিগত ইংরাজি ২৩।৭।৬২ তারিখে উক্ত ১০০১ নং দাগ ভুক্ত জমি মধ্যে উল্লিখিত শ্রী যতীন্দ্র নাথ নস্করের খরিদা স্বত্বাংশেরজমি উক্ত যদুগোপাল গোস্বামী মহাশয় নিজ অর্থে ও স্বার্থে উপযুক্ত পণ মূল্য প্রদানে উক্ত শ্রীযতীন্দ্র নাথ নস্করের নিকট হইতে এককেতা কোবালা দলিল দ্বারা তদীয় বেনামদার উক্ত শ্রী বীরেন্দ্র নাথ চৌধুরী মহাশয়ের নাম ব্যবহারে খরিদ করতঃ খাসে নির্ব্যূঢ় স্বত্ত্বে ভোগ দখল করিতে থাকেন । উক্ত কোবালা মোকাম আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ১১৫ নং ভল্যুমের ১৪৮ হইতে ১৫২ নং পাতায় লিপিবদ্ধ ১৯৬২ সালের ৬৩১৩ নং কোবালা রূপে রেজিষ্ট্রী হইয়াছে ।

এমতপ্রকারে উক্ত যদু গোপাল গোস্বামী উপরোক্ত তিন খানি কোবালা দলিল দ্বারা উক্ত রাজাপুর মৌজার অন্য জমি সমেত হাল ৩২৩ ও ৫১৮ নং খতিয়ান ভুক্ত ১০০১ নং দাগের সমুদয় •৬২ শতক জমি উক্ত শ্রী বীরেন্দ্র নাথ চৌধুরী মহাশয়ের নাম ব্যবহারে নিজ অর্থে ও স্বার্থে উপরোক্ত দেবেন্দ্র নাথ মন্ডল ,যতীন্দ্র নাথ মন্ডল ও যতীন্দ্র নাথ নস্করের নিকট হইতে খরিদ করতঃ ষোল আনা জমিতে খাসে চাষাবাদ দ্বারা নির্ব্যূঢ় স্বত্বে সার্ব্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকেন ।পরে যদু গোপাল গোস্বামী নিজ খরিদা স্বত্ব স্বার্থ ও দখল শুদ্ধ ও দৃঢ় করনার্থে উক্ত বীরেন্দ্র নাথ চৌধুরী মহাশয়ের দ্বারা তাঁহার অনুকূলে বিগত ইংরাজি ৯।৮।৬২ তারিখে এককেতা রেজিষ্ট্রীকৃত নাদাবী মুক্তি পত্র দলিল উক্ত সম্পত্তি সম্পর্কে সম্পাদন ও রেজিষ্ট্রী করাইয়া লয়েন।উক্ত দলিল মোকাম

মোকাম আলিপুর সাবরেজিস্ট্রী অফিসের ১ নংবহির, ১৩৩ নং ভল্যুমের ১৫হইতে ১৯নং পাতায় লিপিবদ্ধ ১৯৬২ সালের ৬৯৪৯নং নাদাবী বা ডিড অব রিলিজ রূপে বীরেন্দ্র নাথ চৌধুরী কর্তৃক যদু গোপাল গোস্বামী অনুকূলে সম্পাদিত ও রেজিস্ট্রীকৃত হয় এবং উক্ত জমির দরুন যদু গোপাল গোস্বামী নিজ নাম পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের প্রতিনিধি জে, এল, আর ও মহাশয়ের সেরেস্তায় পত্তনক্রমে করাদি আদায়ে নিজ নামে দাখিলা গ্রহন করিতে থাকেন ।

এমতপ্রকারে উক্ত যদু গোপাল গোস্বামী উক্ত জমি খরিদ সূত্রে নিজ স্বত্ব দখল পরিচালনে নিরূঢ় স্বত্ত্বে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে খাসে দ্বাদশ বর্ষের বহু উর্দ্ধকাল যাবৎ সাবর্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকেন। অতঃপর আমরা অত্র কোবালা দাতাদ্বয় বিগত ইংরাজি ২৭।৭।৭৭ তারিখে একেতা কোবালা দলিল দ্বারা উক্ত যদু গোপাল গোস্বামী নিকট হইতে উপযুক্ত পণ মূল্য প্রদানে উক্ত রাজাপুর মৌজায় সাবেক ৩৪৭ হাল ৩২৩ ও ৫১৬ নং খতিয়ানস্ম ভুক্ত হাল ১০০১ নং দাগে •৬২ শতক শালি জমি খরিদ করতঃ খাসে স্বত্ববান মালিক দখলিকার থাকি । অতঃপর ইতিপূর্ব্বে বিভিন্ন ব্যক্তির নিকট বিভিন্ন কোবালা দলিল দ্বারা উক্ত জমি মধ্যে অধিকাংশ জমি বিক্রয় করিয়া দেওয়া বাদে বর্ত্তমানে নিম্ন তপশীল বর্ণিত স্থানীয় পরিমাপে কমবেশ ২দুই কাঠা ১৪ ছটাক শালি জমি আমাদের খাস দখলে আছে এবং উক্ত জমিতে আমরা অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নির্বিবর্বাদে খাসে নিরূঢ় স্বত্ত্বে সাবর্বভৌম অধিকারে ভোগ দখল করিয়া আসিতেছি ।

বর্ত্তমানে নানা কারনে আমাদের নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত বা নিম্ন তপশীল বর্ণিত ৯৮১ (১৮৬) নং হাল ১০০১ নং দাগ ভুক্ত জমি মধ্যে আমাদের বর্ত্তমান খাস দখলিয় ২কাঠা ১৪ ছটাক শালি জমি যায় তৎ সন্নিহিত কমন প্যাসেজের ইজমেন্ট স্বত্বাদি সম্পূর্ন নির্দায়, নির্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষনা করিলে, আপনি অত্র কোবালা গ্রহীতা উক্ত জমি বর্ত্তমান বাজারোচিত সর্ব্বোচ্চমূল্য বেলমোক্তা ৪০০০.০০ চারি হাজার টাকা পণ মূল্যে খরিদ করিবার প্রস্তাব করিলে, আমরা তাহাতে সম্মত হইয়া অদ্যতারিখে আপনার নিকট ধার্য্য পণ মূল্যের সমূদয় মং ৪০০০•০০চারি হাজার টাকা পণ বাহায় নগদ গ্রহনে

।।৭।।

গ্রহনে অত্র সাফ বিক্রয় কোবালা মূলে উক্ত বা নিম্ন তপশীল বর্ণিত জমি আপনার নিকট বিক্রয় করত: চিরতরে নিস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং আপনাকে খাস দখল দিলাম। আপনি অদ্য হইতে বিক্রীত ভূম্যাদিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিক দখলিকার হইয়া যালেকান সরকারে আমাদের নামের পরিবর্ত্তে আপনার নিজ নাম পত্তন ক্রমে করাদি আদায় পূর্ব্বক দান, বিক্রয়, বিলি পত্তনাদি সববর্প্রকার হস্তান্তর অবস্থান্তর ও রূপান্তর করনের ক্ষমতায় যুক্ত যদিচ্ছামত ব্যবহারে আমাদের তুল্য ক্ষমতা পরিচালনে পুত্র পৌত্রাদি ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে নিব্যূঢ় স্বত্বে সাবর্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকুন। বিক্রীত ভূম্যাদিতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, লভ্য, দখল ইত্যাদি ছিল বা আছে, তাহা অদ্য হইতে চিরতরে রদ রহিদ বিলুপ্ত ও ধ্বংশ হইয়া আপনার প্রতি নিব্যূঢ় স্বত্বে বর্ত্তিল বা অর্শিল। কালে কশ্মিনে আমরা কিম্বা আমাদের ওয়ারেশান স্থলাভিষিক্তগণক্রমে কেহ অত্র বিক্রীত সম্পত্তির দরুন কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিব না ও পারিবেক না। করিলেও তাহা সর্ব্বপ্রকার আদালতে সববর্তোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত জমি আমরা ইতিপূর্ব্বে অন্য কাহারও নিকট কোন প্রকার দান, বিক্রয়, বিলি পত্তনাদির দ্বারা হস্তান্তর বা হস্তান্তরের চুক্তি কিম্বা দায়াবন্ধ করি নাই। বিক্রীত সম্পত্তিতে অন্য কোন স্বরিক অংশীদার বা দাবীদার নাই বিক্রীত জমির উপর অন্য কাহারও কোন প্রকার চার্জ্জ বা ক্লেম নাই, অথবা বিক্রীত ভূমি বাকী করের দায়ে বা অন্য কোন কারণে আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয় নাই, অথবা এতদসম্পর্কে কোন মামলা মোকর্দ্দমা চলিত নাই। বিক্রীত জমি গভর্নমেন্ট বা কোন যৌথ কোম্পানী কর্ত্তৃক রিকুইজিশান বা এ্যাকুইজিশান করা হয় নাই অথবা বিক্রীত জমি পশ্চিমবঙ্গ রাজ্য সরকারে সর্ব্বশেষ ভূমিনীতি অনুসারে কোন প্রকারের ভেসটেড হয় নাই বা ইহা কোন এলায়েমেন্টের অন্তর্ভুক্ত নহে। বিক্রীত জমি দেবোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। বিক্রীত জমি ব্যাংকের দেনার দায়ে বা কাহারও সিকিউরীটিতে আবদ্ধ বা কোন কারনে আদালত কর্ত্তৃক ক্রোকাবদ্ধ নাই। সম্পূর্ন নির্দায়, নির্দোষ অবস্থায় আমাদের বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকার ও ও খাস দখল থাকাকালিন আপনার নিকট বিক্রয় করিলাম।

ভবিষ্যতে আমাদের উক্তির বৈপরিত্য ঘটিয়া বা আমাদের শঠতা তঞ্চকতা প্রকাশিত হইয়া

হইয়া বা আমাদের স্বত্ব দখলের ন্যূনতাহেতু আপনার খরিদা স্বত্ব, স্বার্থ বা দখলে কোন প্রকার ক্ষতি হইলে, আমরা তজ্জন্য সম্পূর্ন দায়ী ও দণ্ডনীয় হইব এবং আইনতঃ ক্ষতিপূরন সহ পণ মূল্যের সমুদয় টাকা এককালিন ফেরৎ দিতে বাধ্য ও সম্মত রহিলাম ।

বিক্রীত সম্পত্তি সম্পর্কিয় কাগজ পত্র দলিলাদি যাহা আমাদের নিকট আছে, তৎসমুদয় অত্র দলিল লেখকে আপনাকে প্রদান করিলাম । এতদ্ব্যতীত বিক্রীত ভূমি সম্পর্কে ভবিষ্যতে আমাদের কোন সাহার্য্য সাক্ষ্য প্রমান সহি সাবুদ দিবার আবশ্যক হইলে, তাহা বেওজর আপনার অনুকূলে যে কোন অফিস আদালতে উপস্থিত হইয়া দিতে বাধ্য ও সম্মত রহিলাম ।

অত্র দলিলে কোন ভূল ভ্রান্তি থাকার দরুন ভবিষ্যতে অত্র দলিল লেখকে কোন সংশোধনী দলিল বা কোন সাপ্লিমেন্টারী দলিল করিয়া দিবার প্রয়োজন হইলে, তাহা বেওজর বিনাপনে আপনার অনুকূলে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য ও সম্মত রহিলাম ।

অত্র সহ সংযোজিত নক্সায় প্রদর্শিত কমন প্যাসেজের উপর দিয়া আপনি আমাদের স্থলাভিষিক্ত স্বরূপে নিজ ওয়ারেশ উত্তরাধিকারীগণক্রমে অবাধ যাতায়াত করিতে ও ইজমেন্ট স্বত্ব পরিচালনা করিতে পারিবেন এবং নিজ খরিদা জমিতে ইলেকট্রিক ট্যাপওয়াটার ও টেলিফোন কানেকশান আনয়ন করিতে পারিবেন ।

এতদর্থে স্বেচ্ছায় স্বজ্ঞানে সুস্থ শরীরে, অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পণ মূল্যের সমুদয় টাকা নগদ বুঝিয়া পাইয়া অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম । অদ্য ১৩৮৬ সাল ১৫ই শ্রাবণ ইং ৩১/৭/৭৯

অত্র তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-

**************************

জেলা ২৪ পরগণা, থানা সদর টালিগঞ্জ, বর্ত্তমানে কসবা, সাবরেজিষ্ট্রী আলিপুর, পরগণা খাসপুর, রেঃ সাঃ নং ১৪, জে, এল নং ২০, মৌজা রাজাপুর গ্রাম মধ্যে অত্র জেলা

॥১০॥

জেলা কালেকটারীর ১০৯নং তৌজি ভুক্ত বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধিন ডি: জে: ৩৪৭নং খতিয়ানভুক্ত হাল ৩২০২ খতিয়ানে নিস্কর রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট জমি জমা মধ্যে নিজ খরিদা সাবেক $\frac{৯৮১}{৯৮৬}$ নং দাগ ভুক্ত হাল ১০৩১নং দাগের মধ্যে •৪২ শতক শালি জমি এবং হাল ৫১৮ নং খতিয়ানে বার্ষিক ১•৩১ পয়সা খাজনায় জমি জমার মধ্যে সাবেক $\frac{৯৮১}{৯৮৬}$ নং হাল ১০৩১নং দাগে•২০ শতক শালি জমি জমা যাহার হারাহারী খাজনা বার্ষিক ১•০০ হইতেছে তাহা অর্থাৎ সাবেক ৩৪৭নং খতিয়ান ভুক্ত $\frac{৯৮১}{৯৮৬}$ নং দাগে হাল ৩২০ ও ৫১৮নং খতিয়ান ভুক্ত ১০৩১নং দাগে মোট •৬২ শতক শালি জমি যাহা বর্ত্তমান সরজমিনে পরিমাপে কমবেশ ১বিঘা ১৭কাঠা ৮আট ছটাক শালি জমি মধ্যে কোবালা দাতাগনের বর্ত্তমান খাস দখলিয় ২কাঠা ১৪ছটাক শালি জমি মায় যাবতীয় আকর আওলাতাদি ও ইজমেন্ট স্বত্বাদি দরবস্ত হক হকুক অত্র কোবালার বিক্রীতসম্পত্তি হইতেছে। উক্ত জমি অত্র সহ দাখিলী নক্সায় লাল রঙের সিমা রেখার দ্বারা সিমানির্ধারিত করত: বিশেষ ভাবে প্রদর্শিত হইল। উহার হারাহারী খাজনা বার্ষিক •০৫ পয়সা মাত্র।

| খতিয়ান | দাগনং | শ্রেনী | পরিমান - |
|---|---|---|---|
| সাবেক ৩৪৭ | সাবেক $\frac{৯৮১}{৯৮৬}$ | | |
| হাল ৩২০ ও ৫১৮ | হাল ১০৩১ এক হাজার একত্রিশ | শালি | ২কাঠা ১৪ ছটাক |

চৌহদ্দি : -

উত্তরে: - কোবালা গ্রহীতার খরিদা জমি। দক্ষিনে : - মনমোহন দাস রোড নামক ১২' প্রশস্ত রাস্তা। পূর্ব্বে : - ৯৮৬নং দাগ অতুল দাসের খরিদা জমি। পশ্চিমে :- ক্যানেল।

ইসাদি : -

টাইপকারক : -
শ্রী রবীন সানা, আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা ২৭।

Book No. 1
Volume no. 89
Pages 76 to 84
Being No. 3393
For the year 19 79


27/2/80

ORIGINAL

# SITE PLAN OF PORTION OF C.S.PLOT- 986

MOUJA RAJAPUR, J.L. 23
P.S. KASBA, DT- 24 PARGANAS
SCALE - 50' = 1"

SOLD AREA SHOWN IN RED BORDER
= 2 KATTAH - 14 CHATTAK




DRAWN BY
K. BOSE. 29.7.59

Book No. 1
Volume no. 84
Pages 77 to
Being No. 3393
For the year 19 79
27/2/80

Book No. 1
Volume no. 89
Pages 76 to 84
Being No. 3393
For the year 19 79

27/2/80